দৈনিক ইনকিলাব

JAN 19 2002

তারিখ ... ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩ .....

ছবি: এ টি এম রফিক ॥ গতকাল আয়োজিত বিভাগীয় সম্মেলনে প্রধান তাঁর বাম পাশে উপবিষ্ট সংগঠনের

খুলনা বিভাগের হাজার হাজার মাদ্রাসা শিক্ষকের সম্মেলনে মাওঃ এম, এ, মান্নানের দাবী

মাদ্রাসা শিক্ষকদের সরকারী স্কুল-কলেজের সমান বেতন-ভাতা ও সুযোগ-সুবিধা দিতে হবে

খুলনা থেকে এ টি এম রফিক/ মিজানুর রহমান তোতা ॥ বাংলাদেশ সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীদের সমসমান বেতন-ভাতা দাবী করেছেন বাংলাদেশের মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের সংগঠন বাংলাদেশ জমিয়াতুল মুদার্রেছীনের সভাপতি আলহাজ্ব মাওলানা এম, এ, মান্নান।

তিনি বেতন স্কেল ও ভাতার সকল বৈষম্য দূর করে বেসরকারী স্কুল-কলেজের ও মাদ্রাসার শিক্ষকদের জন্য সমান প্রথা চালু করার ও সরকারী স্কুল-কলেজের শিক্ষকদের ন্যায় বেসরকারী মাদ্রাসার শিক্ষকদের দু'মাসের উৎসবভাতা প্রদানেরও আহ্বান জানান।

সাবেক ধর্ম ও ত্রাণমন্ত্রী, জমিয়তের কেন্দ্রীয় সহ্যামী সভাপতি মাওলানা এম, এ, মান্নান গতকাল খুলনা আলিয়া মাদ্রাসা প্রাঙ্গণে খুলনা বিভাগীয় জমিয়তের সম্মেলনে হাজার হাজার মাদ্রাসার শিক্ষকের উপস্থিতিতে এ কথা বলেন।

তিনি বলেন, একই দেশে দু'ধরনের বেতন স্কেল, শিক্ষাঙ্গনে থাকা বাঞ্ছনীয় নয়। সরকারী স্কুল-কলেজের, শিক্ষকদের যে বেতন স্কেল নির্ধারণ আছে, ঠিক একই স্কেলে বেতন ও ভাতা মাদ্রাসার শিক্ষকদের

৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন